0 9 JUN 2017
তারিখ ... ~~11 JUN 2017~~
পৃষ্ঠা ... ৩ ... কলাম ৪ ...

দৈনিক
জনকণ্ঠ

# ৩৭ পাবলিক ভার্সিটির জন্য ৪ হাজার ১৫১ কোটি টাকা অনুমোদন

**স্টাফ রিপোর্টার ॥** দেশের ৩৭ পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য নতুন অর্থবছরে চার হাজার ১৫১ কোটি ৫১ লাখ টাকার বাজেট অনুমোদন করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে কমিশনের ১৪৭তম পূর্ণ কমিশন সভায় বৃহস্পতিবার এ বাজেট অনুমোদন করা হয়।

ইউজিসি সচিব ড. মোঃ খালেদ সভায় বাজেট উপস্থাপন করেন। সভায় আরও উপস্থিত ছিলেন- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন, ইউজিসি সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. মোঃ আখতার হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ আলী আকবর, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ আলাউদ্দিন, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডিন প্রফেসর ড. এম ওহিদুজ্জামান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মোঃ সহিদুল্লা প্রমুখ।

সভায় মঞ্জুরি কমিশন পাবলিক বিশ্ববিদ্যালয়ের অনুন্নয়ন খাতে ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত এবং ২০১৭-১৮ অর্থবছরের মূল বাজেট অনুমোদন করেছে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ অর্থবছরে অনুন্নয়ন খাতে বাজেট ছিল তিন হাজার ৭৮৮ কোটি ৯৭ লাখ টাকা, যা সংশোধিত বাজেটে বৃদ্ধি পেয়ে তিন হাজার ৮৪৩ কোটি ৫৪ লাখ টাকায় উন্নীত হয়েছে। কমিশনের ব্যয় নির্বাহের জন্য ২০১৬-১৭ অর্থবছরে অনুন্নয়ন খাতে বাজেট ছিল ৩৫ কোটি ৫ লাখ টাকা, যা সংশোধিত বাজেটে বৃদ্ধি পেয়ে ৩৬ কোটি ২৩ লাখ টাকায় উন্নীত হয়েছে। ২০১৭-১৮

## ইউজিসি সভা

অর্থবছরে অনুন্নয়ন খাতে মঞ্জুরি কমিশনের জন্য ৩৭ কোটি লাখ টাকা বরাদ্দ করা হয়েছে, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৯ দশমিক ৫৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। উল্লেখ্য, উচ্চশিক্ষায় বিশ্ববিদ্যালয়সমূহে গবেষণায় বরাদ্দের পরিমাণ ২০১৬-১৭ অর্থবছরের মূল বাজেটে ২৮ কোটি ৯৭ লাখ টাকার বিপরীতে ২০১৭-২০১৮ অর্থবছরের মূল বাজেটে ৬১ কোটি ৫৫ লাখ টাকা বরাদ্দ করা হয়, যা পূর্ববর্তী বছরের তুলনায় ১১২ দশমিক ৪৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সভায় কমিশনের অবসরপ্রাপ্ত যুগ্ম-